আলমডাঙ্গায় পুরাতন তেল নতুন দামের চেয়েও বেশিতে বিক্রি করায় জরিমানা

আগে থেকে মজুদ করা বোতলজাত সয়াবিন তেল বেশি দামে বিক্রির অভিযোগে আলমডাঙ্গার মুন্সিগঞ্জ বাজারে এক মুদি দোকানিকে জরিমানা করেছে ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর। মঙ্গলবার সকালে এই অভিযান চালানো হয়।

ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের চুয়াডাঙ্গা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সজল আহমেদ জানান, মুন্সিগঞ্জের কয়েকটি দোকানে আগে থেকে মজুদ করা বোতলজাত সয়াবিন তেল বিক্রি হচ্ছিলো।

কিন্তু বিক্রেতারা বোতল থেকে আগের দাম মুছে ফেলে নতুন দামের চাইতেও বেশি দামে বিক্রি করছিলেন। প্রমাণ পাওয়ায় ওই এলাকার মেসার্স মজিদ স্টোরের মালিককে ১০ হাজার টাকা জরিমানা এবং বাকি ব্যবসায়ীদের সতর্ক করা হয়েছে। এছাড়াও গোডাউনে উদ্ধারকৃত তেল ন্যায্য মূল্যে বিক্রয় করা হয়।

এছাড়া মূল্যবিহীন মেসার্স জননী চাউল ভান্ডারকে চাউলসহ অন্যান্য পণ্যের মূল্যতালিকা প্রদর্শন না করার অপরাধে ২ হাজার টাকা জরিমানা করা হয়।

আলমডাঙ্গার কেদারনগর বিদ্যুৎস্পৃষ্টে প্রবাসীর স্ত্রীর মৃত্যু

আলমডাঙ্গার কেদারনগর গ্রামে বৈদ্যুতিক শক খেয়ে প্রবাসীর স্ত্রীর মৃত্যু হয়েছে। মঙ্গলবার সন্ধ্যায় কেদারনগর ক্যানেলপাড়ায় এ দুর্ঘটনাটি ঘটে।

নিহত গৃহবধূ রওশন আরা উপজেলার বেলগাছি ইউনিয়নের কেদারনগর গ্রামের প্রবাসী আসাবুল হকের স্ত্রী। জানাগেছে, আলমডাঙ্গা উপজেলার বেলগাছি ইউনিয়নের কেদারনগর ক্যানেলপাড়ার প্রবাসী আসাবুল হকে স্ত্রী রওশন আরা।

তাদের বাড়ি থেকে বারাদ্দার গ্রিলের ভিতর থেকে বৈদ্যুতিক লাইন দেয় বাইরে। গ্রিলের ঘষাতে বৈদ্যুতিক তার ফল্ট হয়ে যায়। মঙ্গলবার সন্ধ্যায় রওশন আরা ঘরের বাইরে যাবার চেস্টা করলে গ্রিলে হাত দিলে শর্ক খায়।

ঘটনাস্থলে সে মৃত অবস্থায় পড়ে থাকে। রওশন আরার ছেলে অন্তর সন্ধ্যার পর বাড়িতে ফিরলে তার মাকে পরে থাকতে দেখে। সে ঘরে প্রবেশ করতে গেলে তাকেও শক করে। তার চিৎকারে এলাকার লোকজন ছুটে এসে রওশন আরাকে মৃত অবস্থায় উদ্ধার করে।

আলমডাঙ্গা থানার ওসি তদন্ত আব্দুল আলিম বলেন, বৈদ্যুতিক শক খেয়ে প্রবাসীর স্ত্রীর মৃত্যু হয়েছে। মৃত মহিলার পরিবারের পক্ষ থেকে কেউ অভিযোগ করেনি। তবে খবর পেয়ে ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে।

ঝিনাইদহের প্রতিপক্ষের হামলায় নারীসহ ৫ জন আহত

ঝিনাইদহ সদর উপজেলার ফুরসন্দি ইউনিয়নের মাড়ুন্দি গ্রামে প্রতিপক্ষের হামলায় নারীসহ ৫ জন আহত হয়েছে।

সোমবার রাত সাড়ে ৮ টার দিকে ওই গ্রামের পশ্চিম পাড়ায় এ ঘটনা ঘটে। আহতরা হলো-হানিফ মোল্লার স্ত্রী তন্নী বেগম, লুকমান মোল্লার ছেলে আবু সাঈদ মোল্লা, সবুজ হোসেন, টুটুল হোসেন, লুকমান মোল্লার স্ত্রী মোমেনা খাতুন।

স্থানীয়রা জানায়, সোমবার বিকেলে সবুজ হোসেনের সাথে মাছ ধরাকে কেন্দ্র করে পার্শবর্তী মুক্তারামপুর গ্রামের আসাদের তর্ক-বিতর্ক হয়। এক পর্যায়ে আসাদের চাচাতো ভাই সন্ত্রাসী হারুন ও তার ছোট

ভাই আরব আলী সবুজকে মারধর করে।

বিকালে সদর উপজেলার কালা গরুর হাট থেকে ফেরার পথে সবুজের বড় ভাই আবু সাঈদ মোল্লাকে মারার জন্য তাড়া করে হারুন ও তার লোকজন। পরবর্তী রাত ৮ টার দিকে হারুন ও তার লোকজন দেশীয় অস্ত্র নিয়ে সবুজের বাড়িতে হামলায় চালায়। তারা।

সবুজসহ তার পরিবারের ৫ জনকে পিটিয়ে ও কুপিয়ে গুরুতর আহত করে। সেখান থেকে তাদের উদ্ধার করে ঝিনাইদহ সদর হাসপাতালে ভর্তি করা হয়।

ঝিনাইদহ সদর থানার ওসি শেখ মোহাম্মদ সোহেল রানা বলেন, ঘটনাটি শুনেছি। থানায় একটি অভিযোগ এসেছে। তদন্ত করে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে।

আলমডাঙ্গায় গলাঁয় শাড়ি পেচিয়ে বৃদ্ধের আত্নহত্যা

স্ত্রীর শাড়ি দিয়ে গলায় ফাঁস লাগিয়ে মধ্যবয়সী বৃদ্ধ আত্নহত্যা করেছে। মঙ্গলবার দিবাগত রাতে নিজ ঘরের জানালার গ্রিলে ফাঁস লাগিয়ে এ আত্নহত্যার ঘটনা ঘটে। আত্নহত্যার ঘটনায় আলমডাঙ্গা থানায় অপমৃত্যুর মামলা দায়ের করা হয়েছে।

মধ্যবয়সী বদর উদ্দীন জামজামি ইউনিয়নের নারায়ণপুর গ্রামের মৃত বাকের আলির ছেলে।

এলাকা সূত্রে জানাযায়, দীর্ঘিদিন যাবৎ বদর উদ্দীন ব্রেন স্ট্রোকের কারণে প্যারালাইস হয়ে মানষিক ভারসাম্যহীন হয়ে পড়ে। উন্নতি চিকিৎসার জন্য বিভিন্ন ডাক্তারের নিকট নিলেও শারীরিক অবনতি হয়। সে মানষিক রোগে আক্রান্ত হওয়ায় বিভিন্ন সময় আত্নহত্যার চেষ্টা করে।

মঙ্গলবার দিবাগত রাতে সে নিজ ঘরে ঘুমিয়ে ছিলো। রাত ১ টার দিকে স্ত্রীর শাড়ি গলায় পেঁচিয়ে ফাঁস লাগিয়ে আত্নহত্যা করে। খবর পেয়ে

জামজামি ফাঁড়িপুলিশ সুরতহাল রিপোর্ট সংগ্রহ করে। এ ঘটনায় আলমডাঙ্গা থানায় অপমৃত্যুর মামলা দায়ের করা হয়েছে।

আলমডাঙ্গার মুন্সিগঞ্জে ভগ্নিপতির হাতে স্ত্রীর বড় ভাই খুন

আলমডাঙ্গা উপজেলার মুন্সিগঞ্জে কামাল হোসেন (৬৫) নামে এক ঠিকাদারকে পিটিয়ে ও ছুরিকাঘাত করে হত্যা করা হয়েছে। সোমবার রাত সাড়ে ১০টার দিকে উপজেলার মুন্সিগঞ্জ ক্লিনিকপাড়ায় আহত অবস্থায় তাকে ফেলে রেখে যায় দুর্বৃত্তরা।

খবর পেয়ে পরিবারের সদস্যরা তাকে উদ্ধার করে স্থানীয় একটি ক্লিনিকে নিয়ে যান। সেখান থেকে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে পাঠালে পথেই তিনি মারা যান। পুলিশ বলছে, দুর্বৃত্তরা তাকে পিটিয়ে হত্যা করেছে।

নিহত কামাল হোসেন আলমডাঙ্গা উপজেলায় জেহালা গ্রামের মাঝেরপাড়ার মৃত জাহান আলী মাস্টারের ছেলে। তিনি ঠিকাদারি করতেন। এছাড়া বিএনপির রাজনীতির সঙ্গে যুক্ত ছিলেন বলে জানা গেছে।

এলাকাবাসী জানায়,আলমডাঙ্গা উপজেলার মুন্সিগঞ্জে ক্লিনিকপাড়ার মৃত মোতালেব হোসেনের জামাই স্বাধীনের সঙ্গে দীর্ঘদিন ধরে কামাল হোসেনের জমি নিয়ে বিরোধ ছিল। সোমবার সকালেও দু’জনের মধ্যে গণ্ডগোল হয়।

রাত ১০টার দিকে ক্লিনিকপাড়ায় স্বাধীনের শ্বশুরবাড়ির সামনে থেকে রক্তাক্ত অবস্থায় স্থানীয়রা কামালকে উদ্ধার করেন। পরে পরিবারের সদস্যরা তাকে স্থানীয় একটি ক্লিনিকে নিয়ে যান। অবস্থার অবনতি হলে চিকিৎসক দ্রুত তাকে সদর হাসপাতালে নেয়ার পরামর্শ দেন। সদর হাসপাতালে নেয়ার পথে তার মৃত্যু হয়।

এদিকে ঘটনার পর অভিযুক্ত স্বাধীন পলাতক রয়েছেন বলে জানা গেছে।

পুলিশের দাবি, দুর্বৃত্তরা কামাল হোসেনকে পিটিয়ে হত্যা করেছে। তবে নিহতের স্ত্রী সেলিনা খাতুন বলছেন, ক্লিনিকে নেয়ার পর তার স্বামী স্বাধীনের নাম বলেছেন। তাকে হত্যা করা হয়েছে।

নিহতের স্ত্রী সেলিনা খাতুন বলেন, ‘আমার স্বামীর সঙ্গে শরিকানা জমি নিয়ে বিরোধ চলছিল স্বাধীনের। এরই জের ধরে তাকে হত্যা করেছে স্বাধীন। মৃত্যুর আগে জিজ্ঞাসা করলে স্বাধীন মেরেছে বলে আমাকে জানায়। আমি স্বাধীনকে গ্রেপ্তার ও স্বামী হত্যার বিচার চাই।

কান্নাজড়িত কণ্ঠে তিনি আরও বলেন, আমার দুই ছেলে-মেয়ে। ছেলে সাদবিন কামাল বিবিএ পড়ছে। মেয়ে নাসরিন আক্তারও পড়াশোনা করছে। এখন দুই সন্তানকে নিয়ে আমি কোথায় যাব? তাদের দেখবে কে।

চুয়াডাঙ্গা সদর হাসপাতালের জরুরি বিভাগের চিকিৎসক ডা. আহসানুল হক বলেন, তার শরীরের বিভিন্ন স্থানে আঘাতের চিহ্ন আছে। কান দিয়ে রক্তক্ষরণ হচ্ছিলো। এছাড়া বাম পায়ে ধারালো অস্ত্রের কোপ আছে। হাসপাতালে আনার আগেই তার মৃত্যু হয়েছে। ময়নাতদন্তের পর মৃত্যুর প্রকৃত কারণ জানা যাবে।

আলমডাঙ্গা থানা পুলিশের পরিদর্শক আব্দুল আলিম বলেন, রাতে দুর্বৃত্তরা তাকে পিটিয়ে ফেলে রেখে যায়। স্থানীয়রা প্রথমে একটি ক্লিনিকে নিয়ে যান। পরে সদর হাসপাতালে পাঠানো হয়। হাসপাতালে আসার আগেই তার মৃত্যু হয়েছে। মরদেহ ময়নাতদন্তের জন্য মর্গে পাঠানো হয়েছে। হত্যাকারীদের আটক করতে অভিযান চলছে।

কুষ্টিয়ায় আলোচিত ট্রিপল হত্যা মামলার ১১ জনের কারাদন্ড

প্রায় সাড়ে ১২ বছর আগের কুষ্টিয়ার একটি আলোচিত ট্রিপল হত্যা মামলায় তিন আসামির আমৃত্যু এবং ৮ আসামির যাবজ্জীবন কারাদণ্ড দিয়েছেন আদালত। সেই সঙ্গে তাঁদের প্রত্যেককে ২৫ হাজার টাকা জরিমানা অনাদায়ে আরও ১ বছরের কারাদণ্ডাদেশ দেওয়া হয়।

কুষ্টিয়া জেলা নয়, সারা দেশ ব্যাপী একটি আলোচিত হত্যাকাণ্ড ছিল। টেন্ডারবাজি এবং টেন্ডারের দখল নেওয়া জন্যই মূলত চরমপন্থী সন্ত্রাসীরা এই হত্যাকাণ্ড সংগঠিত করে। এই মামলায় তিনজনকে আমৃত্যু এবং ৮ জনকে যাবজ্জীবন কারাদণ্ড দেন আদালত। সাজাপ্রাপ্ত আসামিরা সবাই পলাতক। তবে দীর্ঘদিন পর রায় ঘোষণা হলেও দৃষ্টান্তমূলক শাস্তি হয়েছে।

ঝিনাইদহের হরিণাকুণ্ডুতে পূর্ব শত্রুতার জেরে প্রতিপক্ষের হামলায় এক নারী নিহত

ঝিনাইদহের হরিণাকুণ্ডু উপজেলার চাঁদপুর ইউনিয়নের বেড় বিন্নী গ্রামে প্রতিপক্ষের হামলায় এক নারী নিহত হয়েছে। নিহত আসমানী খাতুন (৪৫) একই গ্রামের আমজাদ মোল্লার স্ত্রী।

প্রতিবেশী ও প্রত্যক্ষদর্শী সূত্রে জানাযায়, গত ৮ মে বিকালে বাওড়ের পাশে হাঁস আনতে গেলে প্রতিপক্ষ মনোয়ার, আলমগীর ও সন্টু’র স্ত্রী ও সন্তানেরা এবং নিহত আসমানীর ননদ হালিমা, সেলিনা ও কুটিলা মিলে আমজাদ মোল্লার স্ত্রী’র উপর হামলা চালিয়ে তাকে আহত করে। পরে তাকে ঝিনাইদহ সদর হাসপাতালে ভর্তি করে অবস্থার অবনতি দেখে তাকে ফরিদপুর মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করা হয়। চিকিৎসাধীন অবস্থায় মঙ্গলবার রাত ১টার দিকে ফরিদপুর মেডিকেল কলেজে আসমানীর মৃত্যু হয়। গত ২৩দিনের ব্যাবধানে একই গ্রুপের ২জন নিহতের ঘটনায় এলাকায় আতঙ্ক বিরাজ করছে।

উল্লেখ যে, গত ১৭ এপ্রিল ওই গ্রামেই উভয় পক্ষের সংঘর্ষে আলতাফ হোসেন বিশ্বাস (৬৫) নামে ১ জন নিহত ও ১৫ জন আহত হয়। নিহতের ঘটনায় ২৬ জনের নামে হরিণাকুণ্ডু থানায় মামলা হয়। মামলার ২৩ দিন অতিবাহিত হয়ে গেলেও ঘটনাস্থল থেকে ১জন আসামি ছাড়া উল্লেখ যোগ্য কোন আসামি এপর্যন্ত ধরা গ্রেফতার হয়নি। বরং আসামিরা অনেকে অগ্রীম জামিন নিয়ে বাদি পক্ষের ভয়ভীতি দেখাচ্ছে। এই নারীর উপরে হামলা ও নিহতের ঘটনা তারই বহিঃপ্রকাশ বলে অনেকে মনে করছেন।

হরিনাকুন্ডু থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা সাইফুল ইসলাম ঘটনার সত্যতা নিশ্চিত করে বলেন পারিবারিক ও সামিজক দ্বন্দের ফলে এই হত্যা কান্ড হতে পারে। নিহতের ননদ ও ভাসুরের ছেলে-বউরা এই হত্যাকান্ডের সাথে জড়িত বলে প্রাথমিক ভাবে জানা গেছে, পোস্ট মর্টামের জন্য লাশ মর্গে পাঠানো হয়েছে। এব্যাপার দ্রুত আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে এলাকার পরিস্থিতি স্বাভাবিক রয়েছে।

চাঁদপুর ইউনিয়নের চেয়ারম্যান কামাল হোসেন বলেন এই ঘটনা জমি ও পারিবারিক দ্বন্দ্বের কারণে হয়েছে। এটা কোন সামাজিক দ্বন্দ্বের জের না, বা আলতাফ বিশ্বাস নিহতের সাথে এর কোন যোগসূত্র নেয়।

গাংনীতে শিক্ষার্থীদের আন্দোলনের পর টাকা ফেরত দিলেন প্রধান শিক্ষক

২০২১ সালের এসএসসি পরীক্ষার্থীদের ফরম পুরুণের জন্য নেয়া ১ লাখ ২২ হাজার টাকা ফেরত দিয়েছেন গাংনী মডেল স্কুল এন্ড কলেজ কর্তৃপক্ষ। আজ মঙ্গলবার দুপুরের দিকে এটাকা ফেরত দেন স্কুল কর্তৃপক্ষ।
প্রধান শিক্ষক আফজাল হোসেন জানান, ২০২১ সালের এসএসসি পরীক্ষার্থীদের ফরম পূরণ করার পর করোনা দুর্যোগের কারণে সিলেবাস সংক্ষিপ্ত করে পরীক্ষা গ্রহণ করা হয়। শিক্ষাবোর্ডের সিদ্ধান্ত অনুযায়ী শিক্ষার্থীদের প্রায় সাড়ে ৫শ’ টাকা করে ফেরৎ দেয়ার নির্দেশ দেই। সে নির্দেশনা মতে গাংনী মডেল স্কুল এন্ড কলেজের ২২১ জন শিক্ষার্থীর মধ্যে এক লক্ষ ২২ হাজার টাকা ফেরত দেয়া হয়েছে।
তবে, সকাল ১০ টার দিকে গাংনী পাইলট স্কুল এন্ড কলেজ চত্বরে এসএসসি ফরম পূরণের টাকা ফেরতের দাবীতে জড়ো হয় শিক্ষার্থীরা। এরপর টাকা ফেরত দিতে নির্দেশ দেয় প্রধান শিক্ষক আফজাল হোসেন। এসএসসি পাস করা শিক্ষার্থী মাহফুজ ইসলাম বিজয় ও মুকুল হোসেন বলেন,২০২১ সালে গাংনী মাধ্যমিক বিদ্যালয়ের ২২১ জন শিক্ষার্থীদের টাকা ফেরত দেওয়ার কথা থাকলেও প্রধান শিক্ষক অজ্ঞাত কারণে টাকা ফেরত না দিয়ে শিক্ষার্থীদের হয়রানি করেছে।

শিক্ষার্থী মুস্তাক আহমেদ ও সুমাইয়া খাতুন জানায়, গাংনী মাধ্যমিক বিদ্যালয় থেকে এসএসসি পাস করে বিভিন্ন কলেজে ভর্তি হয়ে পড়াশোনা করছি আমরা। সব সময় তাদের পক্ষে প্রধান শিক্ষকের কাছে টাকা চাইতে স্কুলে আসার সম্ভব হয়ে ওঠেনা। এরপরও বিভিন্ন সময়ে টাকা চাইতে গেলে প্রধান শিক্ষকের অশোভন আচরণের মুখে পড়তে হয়।

সরকারি চাকরি ছেড়ে হলেন আওয়ামী লীগ নেতা

চারদিন আগে সরকারি চাকরি ছেড়ে আওয়ামী লীগের উপজেলা সম্পাদকের দায়িত্ব পেলেন আবুল কালাম আযাদ। আবুল কালাম আযাদ মেহেরপুরের মুজিবনগর সরকারি ডিগ্রি কলেজের ইসলামের ইতিহাস বিভাগের প্রভাষক। গত ৫মে তিনি অবসরের জন্য আবেদন জমা দিয়েছেন। কিন্তু ৭মে পর্যন্ত সকল শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ ছিল। তাহলে কিভাবে তিনি ৫মে আবেদন জমা দিলেন তা নিয়ে প্রশ্ন তৈরি হয়েছে।

ঘটনাটি ঘটেছে মেহেরপুরের মুজিবগর উপজেলায়। সোমবার ৯ মে মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের সম্মেলনে তিনি সাধারণ সম্পাদক হিসেবে দায়িত্ব পেয়েছেন।

সোমবার মুজিবনগর কমপ্লেক্স মিলনায়তনে উপজেলা আওয়ামী লীগের ত্রি-বার্ষিক সম্মেলন অনুষ্ঠিত হয়। সম্মেলনের দ্বিতীয় অধিবেশন শেষে মেহেরপুর জেলা আওয়ামী লীগের সভাপতি জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি আবুল কালাম আযাদকে সাধারণ সম্পাদক হিসেবে ঘোষণা করেন। এসময় প্রতিমন্ত্রী বলেন, কাউন্সিলরদের ভোটে সভাপতি ও সাধারণ সম্পাদক নির্বাচিত হয়েছেন।

তবে এ নিয়ে নাম প্রকাশ না করার শর্তে একাধিক আওয়ামী লীগ নেতা ক্ষুব্ধ প্রতিক্রিয়া জানিয়ে বলেন, প্রতিমন্ত্রী ক্ষমতাবলে মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও সাধারণ সম্পাদক নিজ অনুসারীদের দিয়ে কমিটি গঠণ করেছেন যা পূর্ব পরিকল্পিত। সরকারি চাকরি করতে করতে তিনি আওয়ামী লীগ নেতা হয়ে যাবেন যা মেনে নেওয়া যায় না।

এ ব্যাপারে মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদকের দায়িত্ব পাওয়া আবুল কালাম আযাদ বলেন, কলেজ সরকারিকরণ হওয়ার আগে আমি মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক ছিলাম। সরকারি করণ হওয়ার পর সে দায়িত্ব থেকে অব্যাহতি নিই। পরবর্তিতে যখন উপজেলা সম্মেলনের কথা জানতে পারি তখন অবসরে যাওয়ার সিদ্ধান্ত নিই। আমার চাকরি আর কয়েক মাস আছে। কিন্তু পরবর্তি সম্মেলন আবার কবে হবে সে হিসেবে আগাম অবসর নিয়ে রাজনীতিতে প্রবেশ করলাম।

মুজিবনগর সরকারি ডিগ্রি কলেজের অধ্যক্ষ প্রফেসর কামাল হোসেন বলেন, আবুল কালাম আযাদ কলেজ সরকারিকরণ হওয়ার আগে ইসলামের ইতিহাস বিভাগের সহকারী অধ্যাপক ছিলেন। বর্তমানে তিনি প্রভাষক হিসেবে চাকরিরত ছিলেন। গত ৫মে আগাম অবসরের জন্য আবেদন করেছেন।

তবে মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের সদ্য বিদায়ী সভাপতি জিয়া উদ্দিন বিশ্বাস বলেন, মন্ত্রীর সাথে ক্ষমতায় আমাদের মত মানুষকি পেরে উঠতে পারি। যে কারণেই আমি কিছু বলতে চাই না।

অপর সাধারণ সম্পাদক প্রার্থী রেজাউর রহমান নান্নু বলেন, প্রতিমন্ত্রীর পরিকল্পিত কমিটি গঠন করা হয়েছে। সম্মেলনের নামে আই ওয়াশ করা হয়েছে। সভাপতি রফিকুল ইসলাম তোতা বাগোয়ান ইউনিয়ন পরিষদ নির্বাচনে বিদ্রোহী প্রার্থীর পক্ষে ভোট করে সভাপতি হলেন। আর সাধারণ সম্পাদক আবুল কালাম আযাদ চারদিন আগে অবসরের আবেদন করেছেন। এখনো তা গৃহিত হয়নি।

জেলা আওয়ামী লীগের সাংস্কৃতিক বিষয়ক সম্পাদক আসলাম শিহির বলেন, সরকারি চাকরিজীবী একজন কখনোই দলীয় নেতৃত্বে আসতে পারেন না। ৫ তারিখে অবসরের আবেদন করে ৯ তারিখে সম্মেলনে সাধারণ সম্পাদক হলেন। যা পূর্বপরিকল্পিত কমিটি গঠন ছাড়া কিছুই না।

জেলা প্রশাসকের আশ্বাসে

দৃষ্টিপ্রতিবন্ধী মেধাবী ছাত্রের আমরণ অনশন ১৩ ঘন্টা পর স্থগিত

ঢাকা ভার্সিটির দৃষ্টি প্রতিবন্ধি মেধাবী ছাত্র শাহিন আলম সোমবার রাত ৯টা ৪০ মিনিটে তার অনশন স্থগিত করেছেন। ঝিনাইদহ জেলা প্রশাসকের অনুরোধে তিনি আমরণ অনশন স্থগিত করে সার্কিট হাউসে ফিরে যান।

সেখানেই রাতে তাকে রাখার ব্যবস্থা করা হয়। রাতে অতিরিক্ত জেলা প্রশাসক সেলিম রেজা ও এনডিসি আব্দুল্লাহ আল মামুন গনমাধ্যমকর্মীদের সামনে চাকরী প্রদানের আশ্বাস দিলে তিনি অনশন স্থগিত করেন।

অতিরিক্ত জেলা প্রশাসক সেলিম রেজা জানান, শাহিন আলমকে সাময়িক ভাবে কোথাও চাকরী দেওয়া যায় কিনা তা গুরুত্ব দিয়ে বিবেচনা করা হচ্ছে।

তিনি বলেন শাহিন আলমের দাবী প্রধানমন্ত্রীকে লিখিত ভাবে অবহিত করা হবে। হয়তো তিনি একটা চাকরি পেয়ে যাবেন।